# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০৭৬

১/ বিবিধ

আরবী

على كل ميسم من الإنسان صلاة، فقال رجل من القوم: هذا شديد ومن يطيق هذا؟
قال: أمر بالمعروف ونهي عن المنكر صلاة، وإن حملا عن الضعيف صلاة، وإن كل خطوة يخطوها أحدكم إلى صلاة صلاة
ضعيف

أخرجه أبو يعلى في " مسنده " (ق 129/2) وابن خزيمة في " صحيحه " (1497) وأبو الحسن محمد بن محمد البزار البغدادي في " جزء من حديثه " (ق 174/1) وابن مردويه في " ثلاثة مجالس من الأمالي " (ق 191/2) من طرق عن سماك عن عكرمة عن ابن عباس قال: قال رسول الله صلى الله عليه وسلم
قلت: وهذا إسناد ضعيف، لأن سماكا، وإن كان من رجال مسلم ففيه ضعف من قبل حفظه، وخصوصا في روايته عن عكرمة، قال الحافظ في " التقريب
صدوق، وروايته عن عكرمة خاصة مضطربة، وقد تغير بآخره، فكان ربما يلقن
والحديث أورده الهيثمي في " المجمع " بهذا اللفظ، ثم قال (3/104)
رواه أبو يعلى والبزار والطبراني في " الكبير " و" الصغير " بنحوه، وزاد فيها: " ويجزي من ذلك كله ركعتا الضحى "، ورجال أبي يعلى رجال الصحيح
قلنا: ولنا على هذا الكلام ملاحظات
الأولى: أن قوله: ورجال أبي يعلى رجال الصحيح، يوهم أنهم ثقات جميعا، وليس كذلك، لحال رواية سماك عن عكرمة، كما بينا

الثانية: أن قوله في رواية الطبراني: " بنحوه "، يشعر بأن الحديث عنده بتمامه في المعنى، وإنما هو عنده مختصر جدا ولفظه

" على كل سلامي من بني آدم في كل يوم صدقة، ويجزي من ذلك كله ركعتا الضحى

فكان الأولى أن يقول: مختصرا مكان بنحوه

والحديث قال المنذري في " الترغيب " (1/126)

رواه ابن خزيمة في " صحيحه

قلت: وأشار المنذري إلى أنه حديث صحيح أوحسن أوقريب من أحدهما بتصدير إياه بلفظة " عن " واغتر به مؤلف " الكنز " فأورده فيه (2167)

فالحديث ضعيف الإسناد، ضعيف المتن بهذا اللفظ " صلاة "، وهو صحيح بلفظ " صدقة " من حديث أبي ذر وغيره عند مسلم وغيره، فاقتضى التنبيه على ذلك، وهو مخرج في " الصحيحة " (برقم 577) وقبله أحاديث أخرى بمعناه، فراجعها إن شئت،

ثم إن الهيثمي أورد الحديث بلفظ: (يصبح على كل...)

وليس في نسختنا من " مسند أبي يعلى " لفظ يصبح، ولا في شيء من المصادر الأخرى التي عزونا الحديث إليها، نعم هو في حديث أبي ذر الذي أشرنا إليه. ووقع في " المجمع ": مسلم بدل ميسم وهو خطأ مطبعي

বাংলা

১০৭৬। মানুষের প্রতিটি জোড়ের জন্য সালাত রয়েছে। সম্প্রদায়ের এক ব্যক্তি বললঃ এটি কঠিন, কোন ব্যক্তি এটি করতে সক্ষম হবে? তিনি বললেনঃ সৎ কাজের নির্দেশ, অসৎ কাজ হতে নিষেধ একটি সালাত। দুর্বল ব্যক্তির বোঝা উঠিয়ে দেয়া একটি সালাত। তোমাদের কোন ব্যক্তি সালাতের জন্য যে পদক্ষেপগুলো ফেলবে সেসব পদক্ষেপ সালাত।

হাদীসটি দুর্বল।

এটি আবু ইয়ালা তার “মুসনাদ’ গ্রন্থে (কাফ ২/১২৯), ইবনু খুযাইমাহ তার "সহীহ" গ্রন্থে (১৪৯৭), আবুল হাসান মুহাম্মাদ ইবনু মুহাম্মাদ আল-বাযযায বাগদাদী তার “হাদীস খণ্ডে" (কাফ ১/১৭৪) এবং ইবনু মারদুবিয়্যাহ "সালাসাতু মাজালেস মিনাল আমলী" গ্রন্থে (কাফ ২/১৯১) বিভিন্ন সূত্রে সাম্মাক হতে, তিনি ইকরিমাহ হতে, তিনি ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ...।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। কারণ সাম্মাক যদিও ইমাম মুসলিমের বর্ণনাকারী, হেফযের দিক দিয়ে তার মধ্যে দুর্বলতা রয়েছে। বিশেষ করে যখন তিনি ইকরিমাহ হতে বর্ণনা করেছেন। হাফিয ইবনু হাজার “আত-তাকরীব” গ্রন্থে বলেনঃ তিনি সত্যবাদী। ইকরিমাহ হতে তার বর্ণনা ইযতিরাব ঘটিত বর্ণনা। শেষ বয়সে তার মধ্যে পরিবর্তন সাধিত হয়েছিল। কখনও কখনও তাকে স্মরণ করিয়ে দিতে হত।

আলোচ্য হাদীসটি সনদের দিক দিয়ে দুর্বল এবং সালাত শব্দ সম্বলিত ভাষাটিও দুর্বল। তবে হাদীসটি সাদাকাহ শব্দ দিয়ে আবু যার ও অন্যদের থেকে মুসলিম ও অন্যদের নিকট বর্ণিত হয়েছে সেটি সহীহ। এটিকে আমি "সহীহাহ" গ্রন্থে (নং ৫৭৭) উল্লেখ করেছি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71955

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন